কোটচাঁদপুরে দুই মটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত ১ আহত ২

দুই মটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষে হতাহতের ঘটনা ঘটেছে। গতকাল বৃহস্পতিবার কোটচাঁদপুরের কাগমারি বাওড়ের অফিসের সামনে এ ঘটনা ঘটে । এতে ১ জন মারা গেলেও আশংকা জনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে আরো ২জন।

প্রতিবেশী আনিসুর রহমান বলেন, কোটচাঁদপুরের কাগমারি পশ্চিম পাড়ার বাসিন্দা আশাদুল ইসলাম (৫০)ও রবজেল মন্ডল। গতকাল বৃহস্পতিবার দুপুরে বাড়ি থেকে বের হয়ে কোটচাঁদপুরে আসছিলেন।

এ সময় সামনে থেকে আরেকটি মটর সাইকেল চলে আসে। ঘটে মুখোমুখি সংঘর্ষের ঘটনা। এতে করে গুরুতর আহত হয় দুই মটর সাইকেলের ৩ জন।

যার মধ্যে আশাদুল ইসলাম,রবজেল মন্ডল ও তবি মন্ডল। এরমধ্যে আশাদুল ইসলাম ও রবজেল মন্ডলের অবস্থা আশংকা জনক ছিল। তাদেরকে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক যশোর হাসপাতালে রেফার্ড করেন।

ওই ঘটনায় মারা যায় আশাদুল ইসলাম, সে ওই গ্রামের শামসুদ্দিন দপ্তরির জামাই। অন্যদিকে রবজেল মন্ডলের অবস্থা আশংকা জনক বলে জানিয়েছেন তাঁর স্বজনরা। সে বর্তমানে যশোর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। রবজেল কাগমারি গ্রামের নজির মন্ডলের ছেলে।

ওই ঘটনায় আহত তবি মন্ডল চিকিৎসা নিচ্ছেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে। সে কাগমারি গ্রামের মফিজুর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শারমিন আক্তার বলেন,বিষয়টি গতকাল কেউ কোন অভিযোগ করেছেন কিনা আমার জানা নাই। তবে আজ কেউ কোন অভিযোগ করেনি।

কোটচাঁদপুরে প্রতারকের হাত থেকে রেহাই পেতে ভুক্তভোগী গ্রামবাসীর সংবাদ সম্মেলন

প্রতারক মাসুদ রানা পারভেজের হাত থেকে রেহাই পেতে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগী গ্রামবাসী। বৃহস্পতিবার কোটচাঁদপুরের বহিরগাছি গ্রামের সমাজ কল্যান ভবনে এ সম্মেলন করেন তারা। গ্রামবাসীর পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন ওই গ্রামের হাসান তারিখ।

এ সময় সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন,ওই গ্রামের ভুক্তভোগি রেজাউল করিম,রফিকুল মন্ডল, মামুনুর রশীদ,গোলাম রসুল,আব্দুর রাজ্জাক,মিরাজ হোসেন,সব্দুল মন্ডল,লিমন মন্ডল,ইদু মন্ডল ও পারভেজের চাচা আব্দুর রহমান। এ ছাড়া উপস্থিত ছিলেন গ্রামের শতাধিক নারী পুরুষ।

হাসান তারিখ বলেন,মাসুদ রানা পারভেজ (৪০)। সে বহিরগাছি গ্রামের ওসমান গনির ছেলে। পারভেজ পিতা-মাতার বড় সন্তান। লেখা -পড়া করা কালীন থেকে সে প্রতারনা শুরু করেন।

ওই সময় এলাকার কিছু মানুষের কাছ থেকে বেশ কিছু টাকা নিয়ে চলে যান ঢাকায়। ওখানে অনেক দিন গাঁ ঢাকা দিয়ে থাকেন। এরপর আগের ঘটনাগুলো চাপা পড়ায় কয়েক বছর ধরে সে গ্রামে এসে বসবাস শুরু করেছেন। ফিরে গেছেন আগের চেহারায়। এলাকায় কোন ঘটনা ঘটলে চাঁদা দাবি করেন পুলিশের ভয় দেখিয়ে। না হয় পত্রিকায় সংবাদ প্রকাশের ভয় দেখিয়ে।

এবার প্রতারনার সঙ্গে যুক্ত হয়েছে আরো দুটি হাতিয়ার। সে নিজেকে সাংবাদিক দাবি করেন। আর এর সুবাদে পুলিশের সঙ্গে তাঁর ভাল জানাশোনা। এ ভয়ে এতকিছুর পরও ভুক্তভোগিরা নিশ্চুপ ছিল।

আর এ সব প্রতারনার স্বীকার হয়েছেন,ওই গ্রামের রেজাউল করিম,রফিকুল মন্ডল, মামুনুর রশীদ,গোলাম রসুল,আব্দুর রাজ্জাক,মিরাজ হোসেন,বিকাশ বিশ্বাস, সাকিব হোসন,বাবু,কালিগঞ্জের অনিল বিশ্বাস, অজয় বিশ্বাস ও কোটচাঁদপুরের তালসার গ্রামের ছায়েরা বেগম।

আর সম্প্রতি শিকার হয়েছেন সরকারি কর্মচারি ইকরামূল হক। গাছ কাটার বিষয় নিয়ে চাঁদা দাবি করেন পারভেজ। ওই টাকা না পেয়ে কথা কাটাকাটি হয় তাদের মধ্যে। একপর্যায় তাকে মেরে হাত ভেঙ্গে দেন মাসুদ রানা। এ ঘটনায় থানায় অভিযোগ ও করেছেন ভুক্তভোগী।

এরপর থেকে মুখ খুলতে থাকেন গ্রামবাসী। আয়োজন করেন সংবাদ সম্মেলনের। বিষয়টি নিয়ে মাসুদ রানা পারভেজের চাচা আব্দুর রহমান বলেন,সকল ভাল কাজের সঙ্গে থাকেন ইকরামুল হক নামের ওই ছেলে। তাকেও সে হয়রানি করেছে। মেরে হাত ভেঙ্গে দিয়েছেন।

তিনি বলেন, সে আমার ভাইপো হলে কি হবে। তার অপকর্মের দায় কে নিবে। আমিও তাঁর শাস্তির দাবি জানাচ্ছি।

এ ব্যাপারে মাসুদ রানা পারভেজ বলেন,আমি একটা সরকারি গাছ কাটার ব্যাপারে বাধা দিই। এতে করে তারা আমার উপর রাগান্বিত হয়। মারতে যায়। ওই ঘটনায় আমি কাউকে মারিনি।

গ্রামবাসীর অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন,অভিযোগ একজন করতেই পারেন। তবে সেটা তো প্রমানিত হতে হবে।

কোটচাঁদপুর জমি নিয়ে গোলযোগে রক্তক্ষয়ী সংঘর্ষ, গুরুতর আহত ৯

জমি নিয়ে গোলযোগে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে করে উভয় পক্ষের গুরুতর আহত হয়েছেন ৯ জন। এদের মধ্যে উন্নত চিকিৎসার জন্য যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে ৫ জনকে। মঙ্গলবার সকালে কোটচাঁদপুর পৌরসভাধীন নওদাগা গ্রামে এ ঘটনা ঘটে।

ওয়ার্ড কাউন্সিলর রকিব উদ্দিন বলেন, জমি নিয়ে গোলযোগ খিদির মন্ডল ও ভেজাল মন্ডল পক্ষের মধ্যে। মঙ্গলবার সকালে ওই জমি আমিন দিয়ে মাফ চলছিল।

এ সময় উভয় পক্ষের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায় উভয় পক্ষের মধ্যে রক্ত ক্ষয়ী সংঘর্ষে জড়িয়ে পড়েন। এতে করে উভয় পক্ষের ৭ জন গুরুত্বর আহত হন।

এ সময় স্থানীয়রা তাদের উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। আহতরা হলেন,ওই গ্রামের গোলাপ মন্ডল (৫৫),আলমগীর হোসেন (৪৫)আলতাফ হোসেন (৫২),বিপুল হোসেন(৪০) ইসমাইল হোসেন (১৮), শাহাজান আলী (৪৫), তোফাজ্জেল হোসেন(৪২),আকলিলাম খাতুন (৪০), জামেনা খাতুন(৪৫)।

এদের মধ্যে গুরুত্বর ৫ জনকে উন্নত চিকিৎসার জন্য যশোর হাসপাতালে রেফার্ড করেছেন চিকিৎসকরা। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক শারমিন আক্তার বলেন, আহতদের মধ্যে গুরুত্বর দুই জনকে যশোর রেফার্ড করেছেন। বাকিরা কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। এ ছাড়া আরো কয়েকজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) ইদ্রিস আলী বলেন, এখনও পর্যন্ত ওই ঘটনায় কেউ কোন অভিযোগ করেনি। তবে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করছেন।

কোটচাঁদপুরে সার বীজ ও ঐচ্ছিক তহবিল থেকে চেক বিতরণ

বিএনপি সরকারের আমলে সার বীজের জন্য কৃষক কে গুলি করে হত্যা করা হয়েছে। আওয়ামী লীগ সরকারের আমলে গুলি খেয়ে মরতে হয় না। ঘরে বসে সার,বীজ পাই কৃষক। জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিকল্প নেই বাংলাদেশে। কৃষকের জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছে সরকার। এ দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আবারও নৌকা মার্কায় ভোট দিন। কোটচাঁদপুরে সার বীজ ও ঐচ্ছিক তহবিল থেকে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

কোটচাঁদপুরে ২০২২-২৩ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রণোদনা কর্মসুচির আওতায় পাট ও রোপা আউশ ধানের উৎপাদন ও আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে।

কৃষি সম্পসারন অধিদপ্তরের আয়োজনে গতকাল সোমবার দুপুরে উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে সার বীজ ও চেক বিতরণ করা হয়।

বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। উপজেলা কৃষি সম্পসারন অফিসার হুমায়ূন কবিরের সঞ্চালনায়। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মহাসীন আলী।

এ সময় সার বীজ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, উপজেলা আওয়ামিলীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম, জেলা পরিষদের সদস্য রাজিবুল কবির, এলাঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, সাবেক কুশান ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান, পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর হোসেন প্রমুখ।

এ সময় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল এর ঐচ্ছিক তহবিল থেকে ২৩ জন দুস্ত মানুষের মাঝে চেক ও উপজেলার ২৫ শত চাষীর মাঝে ১০কেজি ডিএপি, ১০ কেজি পটাশ, ৫ কেজি ধানের বীজ ও ৩ শত চাষির মাঝে পাট বিজ প্রদান করা হয়। সে সময় কৃষক, উপকার ভোগী, চেক গ্রহিতা, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সহ বিভিন্ন প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে জাসদের রাজনৈতিক কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা জাসদের উদ্যোগে দিনব্যাপি এক রাজনৈতিক ও সাংগঠনিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১ টা থেকে কোটচাঁদপুর জেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালার উদ্বোধন ঘোষণা করা হয়।

কোটচাঁদপুর উপজেলা জাসদ সভাপতি জহুরুল ইসলাম পান্নুর সভাপতিত্বে রাজনৈতিক কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাসদের কার্যকরী সভাপতি এ্যাড.রবিউল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা সম্পাদক জিয়াউল হক মুক্তা। এছাড়া ঝিনাইদহ জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, সদর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান উজ্জলসহ জেলা ও উপজেলা জাসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর তিন দিবস পালনে প্রস্তুতি মূলক সভা

কোটচাঁদপুর তিন দিবস পালনে প্রস্তুতি মূলক সভা করা হয়েছে। গতকাল সোমবার উপজেলা অফিসার্স ক্লাবে এ সভা করা হয়।

এ সব দিবসের মধ্যে রয়েছে, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা। উপজেলার নবাগত নির্বাহী কর্মকর্তা উছেন মে দিবসগুলো পালনের প্রস্তুতি মূলক সভায় সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা সহকারী কমিশনার ভূমি নিরুপমা রায়,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃআব্দুর রশিদ, সাবেক কমান্ডার বীর মুক্তি যোদ্ধা তাজুল ইসলাম। এ ছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, প্রাথমিক শিক্ষা অফিসার অশিত বরণ পাল,পল্লী সঞ্চয় কর্মকর্তা চম্পা অধিকারী,সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক আব্দুলা বাশার প্রমুখ।

এ সময় দিবস গুলোর বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরে বক্তব্য রাখেন অতিথিরা।

কোটচাঁদপুরে গলায় রশি দিয়ে আত্মাহত্যা, কলেজ ছাত্রী পূজার

গলায় রশি দিয়ে আত্মাহত্যা করেছেন কলেজ ছাত্রী পূজা সরকার। রবিবার এ ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের সলেমানপুর পালপাড়ায়।

জানা যায়, পূজা সরকার কোটচাঁদপুর সলেমানপুর গ্রামের বিশ্বজিৎ সরকারের মেয়ে। আর বিশ্বনাথ একই পাড়ার নাড়ু শর্মার ছেলে। তারা একই ক্লাসের ছাত্র । দুইজনই বর্তমানে এইচএসসি পরীক্ষার্থী। ওই দুই জনের মধ্যে দীর্ঘ ৩ বছর প্রেম।

এক বছর হল বিয়ে হয়েছে তাদের। এরপর বিশ্বনাথের পরিবার মেনে নিলেও মেয়ের পরিবার ছিলেন শক্ত অবস্থানে। সম্প্রতি তৃতীয় পক্ষের সমঝোতায় উভয় পরিবারের মধ্যে মিমাংসা হয়। আত্মীয়তাও শুরু হয় দুই পরিবারে।

এরমধ্যে শনিবার শ্বশুর বাড়ি থেকে বাপের বাড়িতে আসেন পূজা সরকার। রবিবার এ ঘটনা ঘটিয়েছেন সে। এ বিষয়টি নিশ্চিত করেছেন মৃতের শ্বশুর নাড়ু শর্মা।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক শারমিন আক্তার বলেন,পূজাকে মৃত অবস্থায় স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন,তাঁর স্বজনরা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হারুন অর রশিদ বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সের খবরে আমরা গিয়ে ছিলাম। ময়না তদন্তের জন্য মৃত দেহ উদ্ধার করা হয়েছে। পারিবারিক কারনে এ ঘটনা ঘটতে পারে বলে ধারণা করা হচ্ছে।

কোটচাঁদপুরে প্রাণী সম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত

কোটচাঁদপুরে প্রাণী সম্পদ প্রদর্শনী মেলা -২০২৩ অনুষ্ঠিত হয়েছে। প্রাণী সম্পদ ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপির) আওতায় বৃহস্পতিবার এ প্রদর্শনী আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,কোটচাঁদপুর পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন। এ ছাড়া উপস্থিত ছিলেন দোড়া ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল জলিল, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, রীর মুক্তি যোদ্ধা কায়দার রহমান,উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন,উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা

জিল্লুর রায়হান ।

পরে অতিথি বৃন্দরা মেলায় দেয়া স্টোলগুলো প্রদর্শন করেন। এ বছর মেলায় চোখে পড়ার মত প্রাণী ছিল, ৬ শিং বিশিষ্ট গরু,ছাগল,ও হারিয়ে যাওয়া প্রানী ঘোড়া।

এরপর মেলায় অংশ গ্রহনকারিদের মধ্যে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দরা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা তথ্য আপা তানিয়া খাতুন।

কোটচাঁদপুরের লক্ষিপুর পুলিশ ফাঁড়ির এএসআই শামসুল আলম বদলী

চুরির অভিযোগে যুবককে ধরে মারপিট করে ক্যাম্প থেকে প্রত্যহার হলেন কোটচাঁদপুর লক্ষিপুর পুলিশ ফাঁড়ির সহ-উপরিদর্শক (এএসআই) শামসুল আলম বিশ্বাস।

বুধবার তাকে ক্যাম্প থেকে প্রত্যহার করা হয়। অন্যদিকে চুরির মিথ্যা অভিযোগ থেকে মুক্তি ও মারপিটের বিচার চেয়ে সংশ্লিষ্টদের বরাবর আবেদন করেছেন নির্যাতিত ওই যুবক।

ভুক্তভোগী আব্দুস সালাম বলেন,গেল ৫ মার্চ সকাল ৯টার সময় কিছু জিনিসপত্র কিনতে পাঁচলিয়া বাজারে যায়। এ সময় লক্ষিপুর পুলিশ ফাঁড়ির দ্বায়িত্বপ্রাপ্ত সহ-উপপরিদর্শক (এএসআই) শামছুল আলম, আমার গতি রোধ করে, ধরে ক্যাম্পের মধ্যে নিয়ে যান। এরপর চোখ, মুখ ও হাত পা বেঁধে মিথ্যা চুরির অপবাদে কাঠের লাঠি দিয়ে বেধড়ক পেটাতে থাকে। এতে করে আমার গোপন অঙ্গ সহ শরীরের বিভিন্ন জায়গায় কালো দাগের সৃষ্টি হয়ে যায়। একপর্যায় ওই দারোগার নির্যাতন সয়তে না পেরে টাকা চুরির কথা স্বীকার করি। এ সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন, সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাস,ইউপি সদস্য আশরাফুল ইসলাম,যুবলীগ নেতা সাজ্জাদ হোসেন। ওই সময় দারোগা আমার কাছে ৫০ হাজার টাকা দাবি করেন। আমি তখন আমার মামা মোশাররফ হোসেন কে টাকা আনতে বলি। মামা টাকা দেয়ার পর,দারাগা আমাকে

ক্যাম্প থেকে ছেড়ে দেন।

তিনি আরো বলেন, দারোগার মারপিটে আমি খুবই অসুস্থ্য ছিলাম। ছাড়া পেয়ে বাড়ি আসার পর চিকিৎসা নিতে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে যায়। এখন বাড়িতে অসুস্থ্য অবস্থায় আছি। সালাম বলেন, আমি চুরি করিনি, তারা আমার নামে থানায় মিথ্যা মামলার অভিযোগ করেছেন। এ মিথ্যা চুরির অভিযোগ থেকে আমি মুক্তি পেতে চাই। সাথে সাথে ওই দারোগার অমানুষিক নির্যাতনের বিচারও দাবি করছি।

এ দিকে চুরির অভিযোগে আব্দুস সালামকে বেধড়ক মারপিট ও টাকা জরিমানা করলেও ওই ঘটনার আরেক অভিযুক্ত মিন্টু রহমান রয়েছে ধরা ছোয়ার বাইরে। চুরির ঘটনায় তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা না হওয়ায় হতাশ হয়েছেন এলাকাবাসী।

এ ঘটনায় গতকাল মঙ্গলবার রাতে লক্ষিপুর পুলিশ ফাঁড়ির সহউপপরিদর্শক (এএসআই) শামছুল আলম বিশ্বাসকে প্রত্যাহার করা হয়েছে। তবে ওই (এএসআই) বুধবার পুলিশ ফাঁড়ি ত্যাগ করেছেন বলে জানা যায়।

বিষয়টি নিয়ে লক্ষিপুর ওই পুলিশ ফাঁড়ির বর্তমান দায়িত্বপ্রাপ্ত সহউপপরিদর্শক (এএসআই) মহন বলেন, আমি ছুটিতে ছিলাম। মঙ্গলবার থানায় এসেছি। স্যার আমাকে ডেকে ক্যাম্পে আসতে বলেন। আমি ঘটনার কিছুই জানিনা। বুধবার দায়িত্ব নেবার পর শামসুল আলম বিশ্বাস ফাঁড়ি ত্যাগ করেছেন জানিয়েছেন ওই পুলিশের সহ উপপরিদর্শক।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার (ভারপ্রাপ্ত কর্মকর্তা) মঈন উদ্দীন জানান,ঘটনার সময় আমি থানায় ছিলাম না। ছুটিতে ছিলাম। ওসি তদন্ত জগন্নাথ চন্দ্র দায়িত্বে ছিলেন। যুবক নির্যাতনের অভিযোগ শোনার পর, আমি ওই (এএসআই) শামছুল আলমকে ফাঁড়ি থেকে প্রত্যাহার করেছি।

তিনি বলেন, নির্যাতন ও টাকা আদায়ের ঘটনাটি তদন্ত করে ব্যাবস্থা গ্রহন করা হবে।

কোটচাঁদপুর উপজেলা আ.লীগের শান্তি সমাবেশ অনুষ্ঠিত

দেশের উন্নয়ন অব্যহত রাখতে দেশ বিরোধীদের রুখতে হবে, রবিবার বিকেলে কোটচাঁদপুর আলামিন মাধ্যমিক বিদ্যালয় মাঠের শান্তি সমাবেশে এ কথা বলেন, ঝিনাইদহ -৩ আসনের সাবেক সংসদ সদস্য ও কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য নবী নেওয়াজ।

সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী যুব মহিলা লীগের আহ্বায়ক পিংকি খাতুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি কায়দার রহমান,বলুহর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা আব্দুল মতিন, উপজেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক আশরাফুল আলম খোকন, আজম বিশ্বাস, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল,ছাত্রলীগ নেতা শেখ সজিব ও ফয়সাল আহম্মেদ।

তিনি বলেন,দেশ যখন উন্নতি দিকে এগিয়ে যাচ্ছে, ঠিক সে সময় বিএনপি জামাত ও স্বাধীনতা বিরোধী চক্রের জ্বালাও পুড়াও, সন্ত্রাস নৈরাজ্য সৃষ্টি করে আবারও পিছনে নেবার যড়যন্ত্র করছে। আর সে যড়যনাত্র রুখতে আজ এ শান্তি সমাবেশ ও মিছিল।

পরে আলামিন মাধ্যমিক বিদ্যালয় মাঠ থেকে শান্তি মিছিল বের হয়। মিছিলটি কোটচাঁদপুর পৌর শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন। এরপর বাজার চত্বরে গিয়ে মিছিলের সমাপ্তি হয়।